অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/4/2025 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল নিউ ইয়র্কে উন্নত পারমাণবিক কর্মীবাহিনীকে সম্প্রসারণের বিষয়ে আলোচনা করতে নিউ ইয়র্ক পাওয়ার অথরিটি, শ্রম ও কর্মী নেতৃত্বদের সঙ্গে এক গোলটেবিল বৈঠকে যোগ দেন

গভর্নর হোকলের আহ্বান অনুযায়ী আপস্টেট নিউ ইয়র্কে উন্নত পারমাণবিক বিদ্যুৎ উৎপাদন স্থাপন করতে নিউ ইয়র্ক পাওয়ার অথরিটিকে সহায়তা করার জন্য গোলটেবিল আলোচনায় প্রশিক্ষণ, শিক্ষানবিশ কর্মসূচি এবং অন্যান্য সুযোগ নিয়ে আলোচনা করা হয়, যাতে করে স্টেটের কর্মীবাহিনীকে সক্ষম করা যায়

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজ নিউ ইয়র্ক সিটিতে একটি উন্নত পারমাণবিক জ্বালানি কর্মীবাহিনী সংক্রান্ত গোলটেবিল বৈঠকের আয়োজনের ঘোষণা দিয়েছেন। নিউ ইয়র্ক পাওয়ার অথরিটি আয়োজিত এই অনুষ্ঠানে নিউ ইয়র্ক, যুক্তরাষ্ট্র এবং কানাডার বিভিন্ন নেতৃবৃন্দ আয়োজিত এই আলোচনায় অংশ নিতে একত্রিত হন এবং সেখানে পারমাণবিক কর্মীবাহিনীর ভবিষ্যৎ এবং পারমাণবিক জ্বালানি খাতে প্রত্যাশিত কর্মসংস্থানের সম্প্রসারণে সহায়তা করার জন্য প্রশিক্ষণ ও শিক্ষানবিশ কর্মসূচি ত্বরান্বিত করার সুযোগ নিয়ে আলোচনা করা হয়।

"যেহেতু নিউ ইয়র্ক স্টেট তার অর্থনীতিকে বিদ্যুতায়িত করছে এবং উচ্চ বেতনের চাকরি সৃষ্টিকারী বৃহৎ উৎপাদনকারী প্রতিষ্ঠানগুলোকে আকর্ষণ করছে, তাই আমাদের প্রাচুর্য-ভিত্তিক এমন একটি জ্বালানি নীতি গ্রহণ করতে হবে যা জ্বালানি স্বনির্ভরতা ও সাপ্লাই চেইনের নিরাপত্তাকে কেন্দ্র করে, যাতে নিউ ইয়র্ক তার জ্বালানি ভবিষ্যৎকে নিজেই নিয়ন্ত্রণ করতে পারে," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "এটি শুরু হয় নিউ ইয়র্কের সকল বাসিন্দার কল্যাণে পারমাণবিক শক্তির মাধ্যমে। আমাদের এখনই প্রচেষ্টা শুরু করতে হবে, যাতে আমরা একটি যথেষ্ট প্রশিক্ষিত কর্মীবাহিনী প্রস্তুত রাখতে পারি যখন আমরা একটি পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র নির্মাণ ও পরিচালনা শুরু করব। শিক্ষক, শ্রমিক, শিল্পখাত ও অন্যান্য স্টেকহোল্ডারদের সঙ্গে সহযোগিতামূলকভাবে কাজ করে আমরা আমাদের কর্মীবাহিনী উন্নয়নের সমাধানগুলোকে এমনভাবে গড়ে তুলতে পারি, যা এই প্রজন্ম এবং ভবিষ্যতের জন্য রাজ্যের প্রয়োজনীয়তাকে সর্বোত্তমভাবে পূরণ করবে।"

এই বছরের জুন মাসে, গভর্নর Hochul (হোকল) নিউ ইয়র্কের জ্বালানি ভবিষ্যতের অগ্রগতিতে একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ নিয়েছিলেন, বিদ্যুৎ কর্তৃপক্ষকে কমপক্ষে 1 গিগাওয়াট বিদ্যুৎ উৎপাদনের সামগ্রিক ক্ষমতা সম্পন্ন কমপক্ষে একটি নতুন পারমাণবিক শক্তি কেন্দ্র তৈরির নির্দেশ দিয়েছিলেন। ফিউচার এনার্জি ইকোনমি সামিট এর এক বছর পর অনুষ্ঠিত উন্নত

পারমাণবিক শক্তি কর্মী বিষয়ক গোলটেবিল বৈঠকে নিউ ইয়র্কের পারমাণবিক উচ্চাকাঙ্ক্ষাকে এগিয়ে নেওয়ার জন্য প্রয়োজনীয় কর্মী বাহিনীকে শক্তিশালী করার কৌশলগুলি অন্বেষণ করা হয়েছিল।

নিউ ইয়র্ক সিটিতে তার অফিসে অনুষ্ঠিত গোলটেবিলে, গভর্নর Hochul (হোকল) নেতৃবৃন্দকে আহ্বান জানান যে তারা মিলিতভাবে দেশনেতৃত্বকারী উদ্যোগে কাজ করুক, যাতে নিউ ইয়র্কে উচ্চ বেতনের চাকরি সৃষ্টি করা যায়। গোলটেবিলের বৈঠকটি নিউ ইয়র্ক পাওয়ার অথরিটি কর্তৃক আয়োজিত হয়েছিল এবং এতে নিউ ইয়র্ক স্টেট রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অথরিটি (NYSERDA), লেবার বিভাগ (DOL), বিল্ডিং অ্যান্ড কনস্ট্রাকশন ট্রেডস কাউন্সিল, স্টেট ইউনিভার্সিটি অফ নিউ ইয়র্ক (SUNY), পাবলিক সার্ভিস বিভাগ (DPS), নিউক্লিয়ার এনার্জি ইনস্টিটিউট (NEI), অন্টারিও পাওয়ার জেনারেশন (OPG), ইন্টারন্যাশনাল ব্রাদারহুড অফ ইলেকট্রিক্যাল ওয়ার্কার্স (IBEW) এবং লেবারার্স' ইন্টারন্যাশনাল ইউনিয়ন অফ নর্থ আমেরিকা (LIUNA)-এর নেতৃত্ব ও স্টাফদের অবদান অন্তর্ভুক্ত ছিল। অংশগ্রহণকারীরা পারমাণবিক কর্মীবাহিনীর উন্নয়নে তাদের ভূমিকা নিয়ে আলোচনা করেন এবং নিউ ইয়র্ক স্টেটে পারমাণবিক কর্মীবাহিনীকে দক্ষতা বৃদ্ধি এবং সম্প্রসারণ করার জন্য শিক্ষা, প্রশিক্ষণ এবং অন্যান্য গুরুত্বপূর্ণ চাহিদায় সহযোগিতামূলক উদ্যোগগুলো অন্বেষণ করেন।

নিউ ইয়র্ক পাওয়ার অথরিটি প্রেসিডেন্ট ও CEO Justin E. Driscoll (জাস্টিন ই. ড্রিসকল) বলেন, "গভর্নর Hochul (হোকল) ক্লিন এনার্জির ভবিষ্যতের জন্য একটি পথ নির্ধারণ করেছেন এবং NYPA আমাদের অংশটি সফল করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ। আমরা জানি যে উন্নত পারমাণবিক সুবিধা নির্মাণ ও পরিচালনার জন্য দক্ষ শ্রমিক, অপারেটর, ইঞ্জিনিয়ার এবং নিরাপত্তা বিশেষজ্ঞদের একটি কৌশলগত কর্মীবাহিনী পাইপলাইন প্রয়োজন। ভবিষ্যতের চাহিদা পূরণের জন্য এই কাজটি এখনই শুরু করা অত্যন্ত গুরুত্বপূর্ণ—আমরা পারমাণবিক এবং কর্মীবাহিনী উন্নয়নে স্টেকহোল্ডারদের মধ্যে সংলাপ সহজ করতে উচ্ছ্বসিত, যাতে নিউ ইয়র্কের জন্য একটি নির্ভরযোগ্য, নির্গমনমুক্ত ভবিষ্যৎ নিশ্চিত করা যায়।"

নিউ ইয়র্ক স্টেট পাবলিক সার্ভিস বিভাগের CEO Rory M. Christian (রেরি এম. ক্রিশ্চিয়ান) বলেন, "গভর্নর Hochul (হোকল) একটি ক্লিন এনার্জি অর্থনীতির জন্য তার ভিশন শেয়ার করেছেন, যা সঠিকভাবে পারমাণবিক শক্তিকেও অন্তর্ভুক্ত করে এবং বিভাগটি আনন্দিত যে আমরা সেই ভিশনকে বাস্তবে রূপ দেওয়ায় অংশ নিতে পারছি। আমরা সব পক্ষের সঙ্গে কাজ করার জন্য আগ্রহী, যাতে নিউ ইয়র্ক স্টেটের জন্য একটি নির্গমনমুক্ত অর্থনীতি তৈরি করতে সহায়তা করা যায়।"

নিউ ইয়র্ক স্টেট রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অথরিটির প্রেসিডেন্ট ও CEO Doreen M. Harris (ডরিন এম. হ্যারিস) বলেন, "NYSERDA বোঝে যে একটি দক্ষ কর্মীবাহিনী গড়ে তোলা নিউ ইয়র্কের ক্লিন এনার্জির ভবিষ্যত উন্নত করার জন্য অপরিহার্য এবং এখনই সময় স্টেটকে পারমাণবিক শিল্পে জাতীয় কর্মীবাহিনী প্রশিক্ষণের কেন্দ্র হিসেবে প্রতিষ্ঠা করার। ক্লিন এনার্জি খাতে 180,000-এরও বেশি নিউ ইয়র্কবাসীর প্রশিক্ষণ সমর্থনের অভিজ্ঞতা নিয়ে, আমরা স্টেটের বিভিন্ন এজেন্সি, শিল্পখাত এবং কমিউনিটির সঙ্গে আমাদের অংশীদারদের সঙ্গে সহযোগিতা করতে প্রস্তুত, যাতে উন্নত পারমাণবিক খাতে একই কাজ করা যায় এবং এর লক্ষ্য

হলো শ্রমিকরা যাতে এই চাকরি গ্রহণের জন্য প্রস্তুত হতে পারে এবং স্থানীয় কমিউনিটিগুলো পারমাণবিক প্রকল্পের দীর্ঘমেয়াদী সুবিধা ভোগ করতে পারে।"

নিউ ইয়র্ক স্টেট লেবার বিভাগের কমিশনার Roberta Reardon (রবার্টা রিয়ারডন) বলেন, "পারমাণবিক শক্তি শুধু স্টেট ব্যাপী বাড়ি ও ব্যবসায়িক প্রতিষ্ঠানে বিদ্যুৎ সরবরাহ করবে না, এটি নতুন, উত্তেজনাপূর্ণ ক্যারিয়ারও সৃষ্টি করবে। রেজিস্টার্ড অ্যাপ্রেন্টিসশিপ, আমাদের টিচার অ্যাম্বাসেডর প্রোগ্রাম এবং ব্যবসার সঙ্গে অংশীদারিত্বের মাধ্যমে, নিউ ইয়র্ক স্টেট লেবার বিভাগ সেই কর্মীবাহিনীকে প্রশিক্ষণ দেওয়ার জন্য প্রস্তুত, যা এই সম্প্রসারিত খাতকে সমৃদ্ধ করতে সহায়তা করবে। আমি নিউ ইয়র্ক স্টেটকে অর্থনৈতিকভাবে শক্তিশালী এবং পরিবেশগতভাবে দায়িত্বশীল ভবিষ্যতের দিকে নেতৃত্ব দেওয়ার জন্য গভর্নর Hochul (হোকল)-কে ধন্যবাদ জানাই।"

SUNY চ্যান্সেলর John B. King Jr. (জন বি. কিং জুনিয়র) বলেন, "যেমন গভর্নর Hochul (হোকল) নিউ ইয়র্ক স্টেটকে ভবিষ্যতের ক্লিন রিনিউএবল এনার্জি বিকল্পের দিকে নেতৃত্ব দিচ্ছেন তেমনি SUNY গর্বিত যে এটি কর্মীবাহিনী উন্নয়ন এবং সামাজিক উত্থানের একটি চালিকা শক্তি হিসেবে সেবা প্রদান চালিয়ে যাচ্ছে। SUNY আজকের গোলটেবিলে অংশ নিতে পেরে আনন্দিত এবং কমিউনিটি, শ্রম ও শিল্প নেতৃবৃন্দের সঙ্গে অংশীদারিত্ব করতে পেরে, যাতে আমাদের শিক্ষার্থীদের উচ্চ চাহিদাসম্পন্ন ক্যারিয়ারের জন্য প্রস্তুত করা যায়—টেকনিশিয়ান সার্টিফিকেট থেকে শুরু করে উন্নত ডিগ্রি পর্যন্ত যা অগ্রণী এনার্জি গবেষণাকে এগিয়ে নিয়ে যায়।"

নিউ ইয়র্ক স্টেট বিল্ডিং অ্যান্ড কনস্ট্রাকশন ট্রেডসের প্রেসিডেন্ট Gary LaBarbera (গ্যারি লা বার্বেরা) বলেন, "পারমাণবিক উন্নয়নের সম্ভাবনা রয়েছে হাজার হাজার পরিবারকে সমর্থনযোগ্য, ইউনিয়নভিত্তিক ক্যারিয়ার তৈরি করার, যা স্থানীয় কমিউনিটিতে অর্থনৈতিক উদ্দীপনা প্রদান করবে এবং আরো বেশি পরিশ্রমী নিউ ইয়র্কবাসীকে মধ্যবিত্তে উন্নীত হওয়ার সুযোগ দেবে। পারমাণবিক শক্তির সম্প্রসারণ হলো নিউ ইয়র্কের লক্ষ্য পূরণের অনুপস্থিত অংশ, যার মধ্যে রয়েছে ক্ষতিকারক দূষণ সীমিত করা, জ্বালানি খরচ কমানো, ক্লিন এনার্জি কর্মীবাহিনী তৈরি করা এবং শেষ পর্যন্ত একটি সবুজ অর্থনীতি প্রতিষ্ঠা করা। আমরা গভর্নর Hochul (হোকল) এবং নিউ ইয়র্ক পাওয়ার অথরিটিকে সাধুবাদ জানাই, শিল্পখাত জুড়ে নেতৃবৃন্দকে একত্রিত করার জন্য যাতে আমরা সেই লক্ষ্য পূরণের জন্য প্রয়োজনীয় গুরুত্বপূর্ণ পদক্ষেপগুলো নিয়ে আলোচনা করতে পারি।"

নিউ ইয়র্ক স্টেট লেবারার্স অর্গানাইজিং ফান্ডের পলিসি ও পাবলিক অ্যাফেয়ার্স পরিচালক Vincent Albanese (ভিনসেন্ট আলবানেজ) বলেন, "যেভাবে নিউ ইয়র্ক একটি ক্লিন এনার্জি ভবিষ্যতের পথে এগোচ্ছে সেভাবেই আমরা সেই পরিবর্তনের চালিকা শক্তি—আমাদের ইউনিয়ন কর্মীবাহিনী—কে উপেক্ষা করার সুযোগ নেই। পারমাণবিক শক্তি একটি অর্থনৈতিক জীবনরেখা এবং এই গোলটেবিল—এবং এটি যা উন্নত পারমাণবিক ক্ষেত্রে বিনিয়োগকে অনুপ্রাণিত করে—আমাদের বিদ্যুৎ গ্রিড, কর্মীবাহিনী এবং মধ্যবিত্তে বিনিয়োগ করার একটি মুহূর্তকে উপস্থাপন করে।"

ইন্টারন্যাশনাল ব্রাদারহুড অফ ইলেকট্রিক্যাল ওয়ার্কার্স (IBEW)-এর ইন্টারন্যাশনাল রিপ্রেজেন্টেটিভ - বিজনেস ডেভেলপমেন্ট Edwin Hill Jr. (এডউইন হিল জুনিয়র) বলেন, "IBEW-এর সদস্যরা এক শতাব্দীরও বেশি সময় ধরে নিউ ইয়র্ককে বিদ্যুতায়িত করে আসছেন এবং আমরা স্টেটকে পরবর্তী ক্লিন ও নির্ভরযোগ্য জ্বালানি যুগে নেতৃত্ব দিতে সাহায্য করতে প্রস্তুত। গভর্নর Hochul (হোকল) যেভাবে আপস্টেট নিউ ইয়র্কে উন্নত পারমাণবিক শক্তির উন্নয়নের আহ্বান জানাচ্ছেন, আমরা স্বীকার করি যে এটিকে সমর্থন করার জন্য কর্মীবাহিনী গড়ে তোলা প্রযুক্তি নির্মাণের সমান গুরুত্বপূর্ণ। আজকের গোলটেবিল শ্রম, সরকার এবং শিক্ষার মধ্যে একটি যৌথ প্রতিশ্রুতিকে প্রতিফলিত করে—ইউনিয়ন অ্যাপ্রেন্টিসশিপ এবং প্রশিক্ষণ প্রোগ্রামে বিনিয়োগ করতে, যা দক্ষ কর্মীদের পরবর্তী প্রজন্মকে এই মুহূর্তের চ্যালেঞ্জ মোকাবিলার জন্য প্রস্তুত করবে। পারমাণবিক শক্তি অবশ্যই একটি সর্ববিকল্প জ্বালানি কৌশলের অংশ হতে হবে এবং IBEW গর্বের সঙ্গে এটিকে বাস্তবে রূপ দিতে সাহায্য করছে।"

রেনসেলার পলিটেকনিক ইনস্টিটিউট-এর ইঞ্জিনিয়ারিং ডিন Dr. Shekhar Garde (ড. শেখর গার্ডে) বলেন, "আমাদের শিক্ষার্থীরা ভবিষ্যতের বৈদ্যুতিক ও ক্লিন এনার্জি ক্যারিয়ারের জন্য যেভাবে প্রস্তুতি নিচ্ছে, সেজন্য যাতে ভবিষ্যতে নিউ ইয়র্কে উন্নত পারমাণবিক উন্নয়ন অন্তর্ভুক্ত থাকে তাই গভর্নর Hochul (হোকল), পাওয়ার অথরিটি এবং শিল্পখাত জুড়ে নেতৃবৃন্দের সঙ্গে অংশীদারিত্ব করতে পেরে RPI আনন্দিত। RPI পারমাণবিক ইঞ্জিনিয়ারিংয়ে বিশ্বমানের গবেষণা ও শিক্ষার সঙ্গে আমাদের অঞ্চলের কর্মীবাহিনীর চাহিদা পূরণে সহায়তা করতে এবং আগামীকালের জ্বালানির একটা ভিত্তি গড়ার আশা করছে।"

স্টনি ব্রুক বিশ্ববিদ্যালয়-এর অ্যাডভান্সড এনার্জি রিসার্চ অ্যান্ড টেকনোলজি সেন্টার (AERTC)-এর বোর্ড চেয়ারম্যান Robert B. Catell (রবার্ট বি. ক্যাটেল) বলেন, "জ্বালানি শিল্পের ভবিষ্যতের অনেক চ্যালেঞ্জ রয়েছে, কিন্তু এটি লোকজনের জীবনমান উন্নত করার এবং বিপুল সংখ্যক উচ্চমানের চাকরির সুযোগ প্রদান করার উত্তেজনাপূর্ণ সুযোগও অফার করে। গভর্নর Hochul (হোকল)-এর নিউ ইয়র্কে উন্নত পারমাণবিক শক্তি নির্মাণের সিদ্ধান্তের সঙ্গে, আমাদের কর্মীবাহিনীতে আরো বেশি সংখ্যক ব্যক্তির প্রয়োজন হবে যারা কম্পিউটার দক্ষতা, কৃত্রিম বুদ্ধিমত্তার জ্ঞান এবং প্রযুক্তির নতুন অগ্রগতিগুলো ইনস্টল ও রক্ষণাবেক্ষণের প্রযুক্তিগত সক্ষমতা রাখে। আমরা পাওয়ার অথরিটি, গোলটেবিলের সদস্য, শিক্ষক এবং স্টেট জুড়ে এনার্জি অংশীদারদের সঙ্গে আমাদের সংলাপ চালিয়ে যাওয়ার জন্য আগ্রহী। স্টনি ব্রুক বিশ্ববিদ্যালয় এবং AERTC উদ্ভাবনী সমাধান এগিয়ে নিয়ে যাওয়ার জন্য প্রতিশ্রুতিবদ্ধ, যা জ্বালানি শিল্পের ভবিষ্যত গড়ে তুলবে।"

নিউক্লিয়ার এনার্জি ইনস্টিটিউটের সিনিয়র ভাইস প্রেসিডেন্ট এবং চিফ ফাইন্যান্সিয়াল অফিসার Erin Hultman (এরিন হাল্টম্যান) বলেন, "পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রগুলি তাদের কমিউনিটির জন্য অর্থনৈতিক চালিকা শক্তি, যা বিভিন্ন ক্ষেত্র এবং শিক্ষাগত পটভূমি থেকে আসা মানুষদের জন্য স্থায়ী, উচ্চ বেতনের চাকরি সৃষ্টি করে। NEI গর্বের সঙ্গে গভর্নর Hochul (হোকল) এবং পাওয়ার অথরিটিকে সমর্থন করছে, যখন তারা সেই নীতি এবং উদ্যোগগুলো এগিয়ে নিয়ে যাচ্ছেন যা নিউ ইয়র্ক এবং দেশের ক্লিন এনার্জি কর্মীবাহিনীকে এগিয়ে নিয়ে যাবে।"

কেরি হেলথ সলিউশনস-এর প্রেসিডেন্ট Donald Carey (ডোনাল্ড কেরি) বলেন, "গভর্নর Hochul (হোকল)-এর নেতৃত্বে, নিউ ইয়র্ক অভূতপূর্ব অর্থনৈতিক গতিশীলতা অর্জন করছে,

উদ্ভাবন, কর্মসংস্থান সৃষ্টি এবং পরিবর্তনশীল বিনিয়োগে জাতীয় নেতৃত্ব হিসেবে আবির্ভূত হচ্ছে। যেমন আজকের গোলটেবিল দেখিয়েছে, আমাদের গভর্নরের ভিশন এগিয়ে নিয়ে যাওয়া, বাড়ন্ত বিদ্যুৎ চাহিদা পূরণ করা এবং নিউ ইয়র্কের জলবায়ু, অর্থনৈতিক ও টেকসইতা লক্ষ্যসমূহকে সমর্থন করার জন্য শ্রম, শিক্ষা এবং কর্মীবাহী উন্নয়নের সঙ্গে কৌশলগত অংশীদারিত্ব প্রয়োজন।"

নিউক্লিয়ার NY-এর সহ-প্রতিষ্ঠাতা Isuru Seneviratne (ইসুরু সেনেভিরাতনে) বলেন, "একটি ক্লিন এনার্জি পরিবর্তন সফল হতে হলে, এটি সেই কর্মীদের জন্য সুবিধাজনক হতে হবে যারা এটি প্রদান করার দায়িত্বে আছেন। এর মানে হলো বর্তমান জীবাশ্ম জ্বালানি কর্মীদের কাজের মান এবং বেতন উন্নত করা, সাথে নতুন কমিউনিটি-সমর্থনযোগ্য সুযোগ সৃষ্টি করা। আমরা উন্নত পারমাণবিক কর্মীবাহিনী গোলটেবিলের প্রদর্শিত নেতৃত্বকে সাধুবাদ জানাই এবং নিউ ইয়র্কে পারমাণবিক শক্তি উন্নয়নের জন্য গভর্নর Hochul (হোকল)-এর প্রচেষ্টা সমর্থন করতে চালিয়ে যাব।"

অন্টারিও পাওয়ার জেনারেশন-এর প্রেসিডেন্ট ও CEO Nicolle Butcher (নিকোল বাচার) বলেন, "বহু দশক নিরাপদে পারমাণবিক বিদ্যুৎ উৎপাদন পরিচালনার অভিজ্ঞতার সঙ্গে, বিভিন্ন অঞ্চল অন্টারিওকে লক্ষ্য করছে কারণ এটি নতুন পারমাণবিক শক্তি উন্নয়ন করছে। OPG নিউ ইয়র্ক স্টেটের সাথে কাজ করতে পেরে আনন্দিত, কারণ তারা একটি সমৃদ্ধ পারমাণবিক শক্তি খাত গড়ে তুলছে।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন